



HM Government

This document has been withdrawn as it is out of date. For the latest guidance go to:  
<https://www.gov.uk/government/collections/hospital-discharge-service-guidance>



# হাসপাতাল থেকে ছাড়ার তথ্য

এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমাদের হাসপাতালগুলো যেন সেই সকল লোকদের দেখাশোনা করার জন্য প্রস্তুত থাকে যারা করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়েছেন এবং তার ফলস্বরূপ তাদের হাসপাতালে পরিচর্যা গ্রহণ করার প্রয়োজন রয়েছে। এই চাপগুলোর কারণে, আপনি যে স্বাস্থ্য পরিচর্যা দলের দেখাশোনায় রয়েছেন তাদের সিদ্ধান্তনুযায়ী যখন আপনাকে আর হাসপাতালে পরিচর্যা প্রদান করার প্রয়োজন থাকবে না তখন আপনাকে হাসপাতাল থেকে ছাড়া হবে। সুতরাং, আপনাকে হাসপাতাল থেকে ছাড়ার বিষয়ে আপনার কাছে কোন বিকল্প থাকবে না, কিন্তু আপনাকে ছাড়ার পর আপনাকে একটি নিরাপদ এবং উপযুক্ত স্থানে পাঠানো সর্বদা আমাদের একটি অগ্রাধিকার থাকবে।

বেশিরভাগ ক্ষেত্রে আপনি আপনার বাসায় ফেরত যাবেন। আপনার হয়তো কিছু অতিরিক্ত সহায়তার প্রয়োজন হতে পারে, উদাহরণস্বরূপ আপনার পরিচর্যা সংক্রান্ত প্রয়োজন বা কেনাকাটা করার জন্য।

যদি আপনার হাসপাতালের বাইরে আরো জটিল পরিচর্যা গ্রহণ করার প্রয়োজন হয় তাহলে এটি কমিউনিটিতে অন্য একটি নির্দিষ্ট স্থানে প্রদান করা যেতে পারে, উদাহরণস্বরূপ একটি আবাসিক নার্সিং হোমে।

আপনার সঙ্গে আপনার প্রয়োজনগুলো এবং ছাড়ার ব্যবস্থা নিয়ে আলোচনা করা হবে।

## করোনাভাইরাস কী?

কোভিড-১৯ একটি নতুন রোগ যা ফুসফুস এবং শ্বাস নালীকে প্রভাবিত করতে পারে। এটি করোনাভাইরাস নামক একটি ভাইরাসের কারণে হয়।

বর্তমানে এই রোগের কোন নির্দিষ্ট চিকিৎসা নেই এবং এই রোগে আক্রান্ত কিছু লোকদেরকে হাসপাতালে ভর্তি করার প্রয়োজন হবে।

[www.nhs.uk/coronavirus](http://www.nhs.uk/coronavirus) দেখে আপনি করোনাভাইরাসের বিষয়ে আরো বিশদ তথ্য এবং তার ব্যাপ্তি থামানোর সেরা উপায়গুলো জানতে পারেন।